তারিখ 31 MAY 2016
পৃষ্ঠা ২৩ কলাম ৫

কালের কণ্ঠ

# ছাত্রের স্কুল ব্যাগে বোমা

**বিশেষ প্রতিনিধি, যশোর ▷**

যশোর শহরের খোলাডাঙ্গা এলাকায় মাওলানা শাহ আব্দুল করিম সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অ্যাসেম্বলি চলছিল গতকাল সকাল ১০টায়। এ সময় স্কুল থেকে পালানোর জন্য দ্বিতীয় শ্রেণির ছাত্র আকাশ (১০) তার বই-খাতার ব্যাগটি জানালা দিয়ে বাইরে ফেলে দেয়। সঙ্গে সঙ্গে সেখানে প্রচণ্ড বোমা বিস্ফোরণের ঘটনা ঘটে। তবে এতে কোনো হতাহতের ঘটনা ঘটেনি। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে আকাশকে তাদের হেফাজতে নেয় ও বিস্ফোরিত বোমার আলামত সংগ্রহ করে।

যশোর কোতোয়ালি থানার উপপরিদর্শক সাহাবুল আলম বলেন, আকাশ জানিয়েছে সাত-আট দিন আগে সে ওই বোমাটি কুড়িয়ে পেয়ে ব্যাগের মধ্যে রাখে। ব্যাগটি জানালা দিয়ে বাইরে ফেলার সময় বোমার কথা তার মনে ছিল না। স্কুলের প্রধান শিক্ষক মোছাম্মৎ ফেরদৌসী জানান, শহরের রেলগেট কলাবাগান এলাকার হুমায়ুন কবিরের ছেলে আকাশ একই এলাকার আঞ্জুমান মুফিদুল খালেদিয়া এতিমখানা থেকে এই স্কুলে পড়াশোনা করে।